

বিক্রেতা - দি পিয়ারলেস জেনারেল ফিনান্স এ্যান্ড ইনভেস্টমেন্ট কোম্পানী লিমিটেড একটি বিধিবদ্ধ কোম্পানী আইন, ১৯৫৬ অনুসারে সংবিধিবদ্ধ এবং উক্ত কোম্পানীর পক্ষে বর্তমান ডেপুটি জেনারেল ম্যানেজার (প্রজেক্টস) জাতি - হিন্দু, ভারতীয় নাগরিক, পেশা - চাকুরী, সাং - ৩নং, ধর্মতলা পূর্ব, পোঃ- ধর্মতলা, থানা - হেয়ার স্ট্রীট, কোলকাতা - ৭০০০৬৯। পশ্চিমবঙ্গ। PAN NO - AABCT3043L।

কস্য রায়ত স্বকর স্বত্বীয় জমায় বাস্তু তদুপরিস্থিত নামাঙ্কিত তলার নম্বর ফ্ল্যাট ও তৎসহ গ্যারেজ নং এর বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যাপ্রাণে।

জেলা বাঁকুড়া থানা কোতুলপুর সামিল জে. এল. নং ১৬৫ হলদী মৌজায় এল. আর. খতিয়ান নং ৬৬, এল. আর. দাগ নং ৬৪১ দাগে দাশরথী রায় ১৯৮৭ সালে ৬ই নভেম্বর কোতুলপুর এ. ডি. এস. আর. অফিসে ৫৫৯নম্বর বিক্রয় কোবালা দলিলে পুকুরিয়া গ্রাম নিবাসী প্রয়াত অধীর চন্দ্র বিশ্বাসের পুত্র সাধন বিশ্বাস কে ৪২ শতক সম্পত্তি বিক্রয় করেন। সাধন চন্দ্র বিশ্বাস ৬ই নভেম্বর ১৯৮৭ সালে কোতুলপুর এ. ডি. এস. আর. অফিসে ৫৫৯নম্বর বিক্রয় কোবালা দলিলে হলদী গ্রাম নিবাসী তারা পদ দে এর পুত্র গঙ্গাধর দে ও গুণধর দে উভয়ে অর্ধাংশের করে অর্থাৎ ২১ শতক করে মালিক হয়। গঙ্গাধর দে ও গুণধর দে দুটি পৃথক পৃথক বাংলা দলিলের মাধ্যমে ২০১০ সালে ২৫মে কোতুলপুর এ. ডি. এস. আর. অফিসের ১নং বহির ৩নং সিডি ভল্যুমে ৪৫৮৭-৪৫৯৯নং পৃষ্ঠায় রেজিস্ট্রীকৃত ০১০৩০ নম্বর দলিলে ২১ শতক সম্পত্তি ও ১নং বহির ৩নং সিডি ভল্যুমে ৪৬০০ - ৪৬১২ নং পৃষ্ঠায় রেজিস্ট্রীকৃত ০১০৩১ নম্বর দলিলে ২১ শতক সম্পত্তি মোট ৪২ শতক সম্পত্তি বিক্রেতাগণ দি পিয়ারলেস জেনারেল ফিনান্স এ্যান্ড ইনভেস্টমেন্ট কোম্পানী লিমিটেডের পক্ষে বর্তমান ভাইস প্রেসিডেন্ট এর নামে রেজিস্ট্রী করিয়াছেন ও জে. এল. নং ১৬৫ হলদী মৌজায় এল. আর. খতিয়ান নং ১১৪ ও এল. আর. দাগ নং ৬৪২ দাগে ৫৮ শতক সম্পত্তি বাঁকুড়া জেলার কোতুলপুর থানার হলদী গ্রাম নিবাসী স্বর্গীয় বীরেন্দ্র মণ্ডলের সম্পত্তি ছিল তাহা তিনি বর্তমানে এল. আর. এ. রেকর্ড করাইয়া দখলীকার থাকাবহায় পরলোক গমন করিলে পর তাহার স্ত্রী কল্যাণী মণ্ডল ও এক পুত্র মলয় মণ্ডল ও দুই কন্যা তনুশ্রী মণ্ডল ও মাস্ত মণ্ডল (ঘোষ) প্রত্যেকে ১/৪ অংশের করে উত্তরাধিকার ও উত্তরাধিকারিনী স্বত্ত্বে সম্পূর্ণ ৫৮ শতক সম্পত্তির মালিক হয়। মালিক হইয়া দুটি পৃথক পৃথক বাংলা দলিলের মাধ্যমে গত ইংরাজী ২০১০ সালে ২৫ শে মে কোতুলপুর এ. ডি. এস. আর. অফিসে বাঁকুড়া জেলার কোতুলপুর থানার হলদী গ্রাম নিবাসী মলয় মণ্ডল ও বাঁকুড়া জেলার কোতুলপুর থানার মসিনাপুর গ্রাম নিবাসী শ্রী বৈদ্যনাথ ঘোষ এর স্ত্রী মাস্ত মণ্ডল (ঘোষ) ১নং বহির ৩নং সিডি ভল্যুমে ৪৬২৫ - ৪৬৩৭নং পৃষ্ঠায় ০১০৩৩ নং দলিলে রেজিস্ট্রীকৃত ২৯ শতক সম্পত্তি ও বাঁকুড়া জেলার কোতুলপুর থানার হলদী গ্রাম নিবাসী কল্যাণী মণ্ডল ও তনুশ্রী

পরপৃষ্ঠায়

নং ১নং বহির ৩নং সিডি ভল্যুমে ৪৬৩৮ - ৪৬৫০ নং পৃষ্ঠায় ০১০৩৪ নং দলিলে ২৯ শতক সম্পত্তি মোট কমবেশী ৫৮ শতক সম্পত্তি বিক্রেতাগণ দি পিয়ারলেস জেনারেল ফিনান্স এ্যাণ্ড ইনভেস্টমেন্ট কোম্পানী লিমিটেড এর পক্ষে বর্তমান ভাইস প্রেসিডেন্ট এর নামে রেজিস্ট্রী করিয়াছেন ও জে. এল. নং ১৬৫ হলদী মৌজায় এল. আর. খতিয়ান নং ২৪১ এল. আর. দাগ নং ৫৩৬ দাগে ২০.৫ শতক সম্পত্তি হলদি গ্রাম নিবাসী প্রয়াত ইন্দ্রনারায়ণ সরকার এর পুত্র দিবাকর সরকার ৯ই এপ্রিল ১৯৮৬ সালে কোতুলপুর এ. ডি. এস. আর. অফিসে ২৪২১ নং দানপত্র দলিল মূলে প্রাপ্ত হইয়া দখলীকার থাকিয়া গত ইংরাজী ২০১০ সালে ১৩ই অক্টোবর কোতুলপুর এ. ডি. এস. আর. অফিসে ১নং বহির ৭নং ভল্যুমে ১৭০৯-১৭২২ নং পৃষ্ঠায় ০২২০০ নং দলিলে পিয়ারলেস ডেভেলপার লিমিটেড কে ১৩ এ ডেকার্স লেন কোলকাতা ৭০০০৬৯ কে হস্তান্তর করিয়াছেন। উপরিউক্ত সম্পত্তিটি ক্রয়ের মাধ্যমে পিয়ারলেস ডেভেলপার লিমিটেড বাংলা বিক্রয় কোবালা দলিল কোতুলপুর এ. ডি. এস. আর. অফিসে ১নং বহির ৪নং সিডি ভল্যুমে ২০৫৯-২০৭২ নং পৃষ্ঠায় ০০৬৯৬নং দলিলে ২০.৫ শতক সম্পত্তি ২০১২ সালে ১১ই এপ্রিল দি পিয়ারলেস জেনারেল ফিনান্স এ্যাণ্ড ইনভেস্টমেন্ট কোম্পানী লিমিটেড এর পক্ষে বর্তমান ভাইস প্রেসিডেন্ট এর নামে রেজিস্ট্রী করিয়াছেন।

উপরিউক্ত দলিলের মাধ্যমে জে. এল. নং ১৬৫ হলদি মৌজায় এল. আর. ৬৬, ১১৪, ২৪১ নং খতিয়ান হইতে এল. আর. ৬৪১, ৬৪২ ও ৫৩৬ দাগে মোট ১২০ শতক অর্থাৎ ৩ বিঘা সম্পত্তি দলিলে প্রথম তপশীলে বর্ণিত সম্পূর্ণ রূপে দখলীকার থাকিয়া বর্তমান এল. আর. এ. ৩২০নং খতিয়ানে দি পিয়ারলেস জেনারেল ফিনান্স এ্যাণ্ড ইনভেস্টমেন্ট কোম্পানী লিমিটেডের পক্ষে বর্তমান ভাইস প্রেসিডেন্টের নামে কোতুলপুর বি. এল. এ্যাণ্ড এল. আর. ও. অফিসে রেকর্ড করা হইয়া ও শালি থেকে বাস্তবে রূপান্তরিত করা হইয়া দখলীকার আছি।

বাঁকুড়া জেলার কোতুলপুর থানার সিহড় গ্রাম পঞ্চায়েতের অধীন হলদি মৌজায় ৫৩৬, ৬৪১, ৬৪২ দাগ (এক্ষনে উপরিলিখিত জায়গাকে বোঝানো হচ্ছে) এবং বিশেষত প্রথম তপশীলে বর্ণনা করা হইয়াছে।

ক্রোতা বিক্রেতার সহিত ০২/০৯/২০১৪ তারিখে একটি বায়নানামা চুক্তিপত্র দ্বারা রাজি হয়ে কিনেছেন। ঐ সমগ্র অবিভক্তিত যোগ্য আনুপাতিক ভাগ অনুসারে উপরিউল্লিখিত আবাসনের জমির উপর ফ্ল্যাটগুলিতে ৫৩৬, ৬৪১, ৬৪২ নম্বর দাগে বিল্ডিং এর তলার নং ফ্ল্যাটের সুপার বিল্ডআপ বর্গফুট জুড়ে অবস্থিত (কমবেশী) (এইখানে উপরিলিখিত একটিকে বোঝানো হচ্ছে) একই সঙ্গে সমস্ত সাধারণ সুবিধা এবং সাধারণ যৌথ জায়গার অধিকার সমেত দ্বিতীয় তপশীলে বর্ণিত সমস্ত কিছু বিবেচনা করে টাকার মূল্য ধার্য হইল। উপরিলিখিত ফ্ল্যাটের অধিকার ক্রোতাকে দেওয়া হইল। এক্ষনে এই চুক্তিপত্র সাক্ষী সহ মূল্য টাকা এবং সুপার বিল্ডআপ বর্গফুট পরিমাণ আবাসন চুক্তি অনুসারে দেওয়া হইল ক্রোতাকে এবং ক্রোতা বিক্রেতার নিকট হইতে আবাসন পাইল (উভয় পক্ষ ক্রোতা এবং বিক্রেতা স্ব স্ব ইচ্ছায় সমস্ত মর্মে রাজী হইল। চিরদিনের জন্য ক্রোতাকে দেওয়া হইল এবং উপরিলিখিত ৫৩৬, ৬৪১, ৬৪২ নং দাগে আবাসনে তলেতে সুপার বিল্ডআপ বর্গফুটের এলাকা অবিভক্ত শেয়ারের পরপৃষ্ঠায়.....

আনুপাতিক হারে সমস্ত যৌথ স্থান যাহা সকলে ব্যবহার্য এলাকা সহ হলদী মৌজার কোতুলপুর থানার সিহড় গ্রাম পঞ্চায়েতের বাঁকুড়া জেলার এই এলাকাটি। যেটি বিস্তারিত ভাবে দ্বিতীয় তপশীলে উল্লেখ করা হইয়াছে এবং শর্ত ও চুক্তি অনুসারে ক্রেতার পক্ষ হইতে নীরিক্ষনের পর ক্রেতা এবং বিক্রেতা উভয়ের সম্মতিক্রমে সম্পত্তি হস্তান্তর করে নিশ্চিতভাবে নিবন্ধন করল। প্রথম তপশীলের উল্লেখ অনুযায়ী উপরিলিখিত এলাকা পারত পক্ষে উহার যেকোনো অংশ যেকোনো সময় অথবা পরবর্তী সময় নিজেদের মধ্যে ব্যবহার করা যাবে এবং তারা পূর্ণ অধিকার পাবে নিজেদের শর্তাধীকারে রেখে ব্যবহার করিতে পারিবে এবং বিক্রেতা অন্যান্য অধিকারিদের সঙ্গে ঐ আবাসনের প্রবেশ পথ ও প্রবেশ দরজা, সাধারণ চলাচলের জায়গা, গভীর নলকূপ, বিদ্যুৎ সংযোগ, মাটির তলার জলের ধারক, সিঁড়ি, লিফট এবং অন্য সমস্ত অধিকার পাইবে এবং তারা ব্যবহার করিতে পারিবে। সেই সমস্ত অধিকারগুলি এক্ষণে দেওয়া হইল সম্পূর্ণভাবে চিরকালের জন্য ক্রেতা ও বিক্রেতা রাজী হইল। ক্রেতা বিক্রয়ের জন্য ইচ্ছা প্রকাশ করিলে তাহা তিনি বিক্রয় করিতে পারিবেন এবং পরবর্তী ক্রেতা আবাসন সমিতিতে নিজের নাম নথিভুক্ত করিতে বাধ্য থাকিবেন এবং আবাসন সমিতির নিয়মাবলী মানিয়া চলিতে বাধ্য থাকিবেন। ক্রেতা মাতৃধামের জন্য গঠিত আবাসিক সমিতির সভ্য হইতে বাধ্য থাকিবেন এবং ঐ ক্রেতার অবর্তমানে যেকোনো ওয়ারিশগণ ওই আবাসন বিক্রয় করিতে পারিবেন ক্রেতা এবং অন্যান্য সকল ক্রেতাগণেরা উক্ত আবাসিক সমিতির নিয়মাবলি মানিয়া চলিতে বাধ্য থাকিবেন। যতদিন আবাসিক সমিতি গঠিত না হয় ততদিন বিক্রেতা দ্বারা তৈরী করা নিয়মাবলি মানিয়া চলিতে বাধ্য থাকিবেন। ক্রেতা মাতৃধামের রক্ষণাবেক্ষণের খরচ, যাহা ৪র্থ তপশীলে বর্ণিত আছে তাহা সমানুপাতিক হার তৎসহ সরকার নির্ধারিত কর বিক্রেতার কাছে দিতে বাধ্য থাকিবেন। ভবিষ্যতে রক্ষণাবেক্ষণের খরচ বৃদ্ধি পাইলে তাহা পরিবর্তিত হইবে। নিম্নলিখিত শর্তগুলি অদ্য তারিখ হইতে ক্রেতা মানিয়া চলিতে বাধ্য থাকিবেন।

- ১। সিহড় গ্রাম পঞ্চায়েতের অধিকৃত ক্রমাগয়ে প্রথম তপশীলে লিখিত ক্রেতা নিজ নামে রেকর্ডভুক্ত করা নিয়মিত ভাবে তার অংশের পঞ্চায়েত কর এবং সরকারী খাজনা পঞ্চায়েত অফিসে ও বি এল এণ্ড এল আর ও অফিসে নিজ দায়িত্বে দিতে বাধ্য থাকিবেন। অন্য দিকে বিক্রেতা পঞ্চায়েতের খাজনার দায় থেকে মুক্তি পাবেন।
- ২। ক্রেতা নিজের খরচে বিক্রীত অংশটি মেরামত করিতে বাধ্য থাকিবে ও ভালো অবস্থায় রাখিবে।
- ৩। ক্রেতা পার্টিশানের দেওয়াল, ড্রেন, নিকাশীব্যবস্থার সমস্ত রকম পাইপ লাইন ও অন্যান্য ফিটিংস ঐ আবাসনের তার গৃহের যেকোন অংশকে নিজের খরচে মেরামত ও রক্ষণাবেক্ষণ এবং সংরক্ষণ করিতে বাধ্য থাকিবেন।
- ৪। ক্রেতা তার অংশ বসবাস ছাড়া অন্য কোন কাজে ব্যবহার করিতে পারিবেন না। এছাড়া কোনো দাহ্য পদার্থ ও নিষিদ্ধ বস্তু মজুত করিতে পারিবেন না, যাহা আবাসনের অন্য সদস্যদের সমস্যার কারণ হতে পারে।
- ৫। বিক্রেতার বা আবাসিক সমিতির অনুমতি ছাড়া ক্রেতা তার অংশের আবাসনের ভিতরে ও বাহিরের কোন অংশই কোন সময়ই ভাঙতে বা গড়তে পারিবেন না। যাহা অনুমোদিত নক্সার ও মূল নির্মাণের ক্ষতি করে।

- ৬। প্রত্যেক ক্রেতাগণ যাবতীয় যৌথ সম্পত্তি ব্যবহারাদি স্বত্ব সমেত যাহা ৩নং তপশীলে উল্লিখিত আছে তাহা রক্ষনাবেক্ষণ করিবেন। আবাসন সমিতির সদস্য হতে বাধ্য থাকিবে ও ঐ সমিতির যৌথ স্থান (জায়গা) রক্ষনাবেক্ষণ করিবেন।
- ৭। পরবর্তী ক্ষেত্রে দি পিয়ারলেস জেনেরাল ফিনান্স এ্যাণ্ড ইনভেস্টমেন্ট কোম্পানী লিমিটেডের তরফ থেকে কোন বিল্ডিং এর উপর কোন নির্মাণ কার্য হইলে আবাসনের ক্রেতাগণের বা সমিতির কোনরকম আপত্তি গ্রাহ্য হইবে না। এছাড়া আবাসনের সংলগ্ন জমিতে কোন নির্মাণ কার্য হইলে তাহাতেও কাহারও কোনো আপত্তি গ্রাহ্য হইবে না। পরবর্তী জমিতে নির্মাণ কার্য হইলে আবাসনের বাসিন্দারা বা ক্রেতার সমস্ত রকম যৌথ জিনিসগুলি যেমন রাস্তা, জল, বিদ্যুৎ, ড্রেন সমভাবে ব্যবহারের অধিকারী হবেন। সেইরূপ পিয়ারলেসও ব্যবহারের অধিকারী হবেন।

এতদর্থে সুস্থ শরীরে সরল মনে স্বেচ্ছায় মূল্যের বাবদ সম্যক টাকা আপোষে বুঝিয়া পাইয়া অত্র বিক্রয় কোবালা সম্পাদন করিয়া দিলাম। ইতি সন ১৪২৩ সাল

প্রথম তপশীল

মৌজা	L.R. দাগ নম্বর	শ্রেণী	পরিমাণ	L.R. খতিয়ান নম্বর
হলদী	৬৪১	বাস্ত	৪২ শতক	৩২০
জে. এল. নং	৬৪২	বাস্ত	৫৮ শতক	৩২০
১৬৫	৫৩৬	বাস্ত	২০.৫ শতক	৩২০

টোহদী :- পূর্বদিকে ৬৪০ ও ৬৩৯নং দাগে ব্যক্তিগত জায়গা ও ৬৪২ দাগের অবশিষ্ট ভূমি, পশ্চিম দিকে ৫৩৭ ও ৬৬০নং দাগে ব্যক্তিগত জায়গা ও ৫৩৬ দাগের অবশিষ্ট ভূমি। উত্তর দিকে ভেস্টেড ল্যান্ড ও পি. ডব্লু. রাস্তা। দক্ষিণ দিকে ব্যক্তিগত জায়গা দাগ নং ৬৫৭, ৬৫৮, ৬৬০।

দ্বিতীয় তপশীল

মাতৃধামের নামাঙ্কিত তলের নির্দিষ্ট ফ্ল্যাট নং এর কমবেশি বর্গফুট সুপার বিল্ডআপ নক্সায় লাল রঙে চিহ্নিত আছে একটি শয়নকক্ষ, একটি খাবার বা বসার ঘর, একটি শৌচাগার, একটি বারান্দা, একটি পূজার ঘর, একটি রান্নাঘর এবং তৎসহ গাড়ী রাখার জায়গা যাহা গ্যারেজ নং যাহা কমবেশি বর্গফুট এবং সমবণ্টিত জমির ভাগ তৎসহ যৌথ

সাধারণ এলাকা উপরিউল্লিখিত মৌজা ও দাগ নম্বর যাহা সিহড় গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত থানা কোতুলপুর জেলা বাঁকুড়া।

তৃতীয় তপশীল

(নিম্নলিখিত সুবিধার বিবরণ)

- ১। প্রথম তপশীলে বর্ণিত অবিভক্ত জমির অংশ উপরিউক্ত বিল্ডিং এ অন্তর্ভুক্ত।
- ২। সমস্ত পথ, জলনিকাশী নালা অবস্থিত উপরিউক্ত বিল্ডিং এ।
- ৩। সিঁড়ি, ছাদ এবং সর্ব সাধারণের ব্যবহার্য স্থানে আলোর ব্যবস্থা থাকিবে।
- ৪। নালা নিকাশী ব্যবস্থা এবং প্রধান জলের সংযোগ বিল্ডিং থেকে পঞ্চায়েত সংযোগের মধ্যে অবস্থিত।
- ৫। সিঁড়ি এবং সর্বসাধারণের ব্যবহারের নিমিত্ত স্থান উপরিউল্লিখিত বিল্ডিং এ অবস্থিত।
- ৬। সীমানা প্রাচীর বা প্রধান প্রবেশ পথ।
- ৭। সেপ্টিক ট্যাঙ্ক জলের ট্যাঙ্ক জলাধার বা জলের পাইপ এবং অন্যান্য জল সংযোগের ব্যবস্থা।
- ৮। সাধারণ বৈদ্যুতিক মেনমিটার এবং মিটার বক্স।
- ৯। নিকাশী এবং জলের পাইপ বিল্ডিং থেকে পঞ্চায়েত বা পি. ডব্লু. ডি. ড্রেন পর্যন্ত।
- ১০। বিল্ডিং এর ছাদ।
- ১১। বাগান পর্যন্ত গাড়ি চলাচলের রাস্তা।
- ১২। গভীর নলকূপ ২৪ ঘন্টা জল সরবরাহের ব্যবস্থা।
- ১৩। ডিজেল জেনারেটর এর ব্যবস্থা।
- ১৪। লিফট।

চতুর্থ তপশীল

(সাধারণ ব্যয়ের বিশদ বিবরণ)

- ১। রক্ষণা বেক্ষণ :- দেওয়াল রং বিল্ডিং এর সারাই কার্য পরিমার্জন প্রভৃতির সমস্ত ব্যয় যা বিল্ডিং সংক্রান্ত।
- ২। প্রয়োগ সংক্রান্ত সমস্ত মেশিনারী বা যন্ত্রপাতি সাধারণের ব্যবহারের নিমিত্ত সমস্ত ব্যয়।
- ৩। কর্মী :- সাধারণ উদ্দেশ্যে নিযুক্ত কর্মীদের সমস্ত খরচ এবং বেতন সংক্রান্ত ব্যয়।
- ৪। কর :- পঞ্চায়েত এবং অন্যান্য সংস্থা নির্ধারিত কর সংক্রান্ত ব্যয়।
- ৫। সংরক্ষণ :- তহবিলের গঠন বিভিন্ন পর্যায়ে বিল্ডিং সংক্রান্ত বিষয়ক ব্যয়ের জন্য।
- ৬। বিদ্যুৎ :- সাধারণ ব্যবহারের নির্দিষ্ট অঞ্চলের বিদ্যুৎ খরচের ব্যয়।
- ৭। বিমা :- ভূমিকম্প, আগুন বা মনুষ্যদ্বারা ক্ষয় ক্ষতি থেকে বিল্ডিং রক্ষার বিমা সংক্রান্ত ব্যয়।
- ৮। অন্যান্য খরচ :- সমস্ত রকমের খরচ সমিতি বা মালিক কর্তৃক নির্দিষ্ট সাধারণ উদ্দেশ্যে ব্যয়।

চতুর্থ তপশীল

(সাধারণ ব্যয়ের বিশদ বিবরণ)

- ১। রক্ষণা বক্ষণ :- দেওয়াল রং বিন্ডিং এর সারাই কার্য পরিমার্জন প্রভৃতির সমস্ত ব্যয় যা বিন্ডিং সংক্রান্ত।
- ২। প্রয়োগ সংক্রান্ত সমস্ত মেশিনারী বা যন্ত্রপাতি সাধারণের ব্যবহারের নিমিত্ত সমস্ত ব্যয়।
- ৩। কর্মী :- সাধারণ উদ্দেশ্যে নিযুক্ত কর্মীদের সমস্ত খরচ এবং বেতন সংক্রান্ত ব্যয়।
- ৪। কর :- পঞ্চায়েত এবং অন্যান্য সংস্থা নির্ধারিত কর সংক্রান্ত ব্যয়।
- ৫। সংরক্ষণ :- তহবিলের গঠন বিভিন্ন পর্যায়ে বিন্ডিং সংক্রান্ত বিষয়ক ব্যয়ের জন্য।
- ৬। বিদ্যুৎ :- সাধারণ ব্যবহারের নির্দিষ্ট অঞ্চলের বিদ্যুৎ খরচের ব্যয়।
- ৭। বিমা :- ভূমিকম্প, আগুন বা মনুষ্যদ্বারা ক্ষয় ক্ষতি থেকে বিন্ডিং রক্ষার বিমা সংক্রান্ত ব্যয়।
- ৮। অন্যান্য খরচ :- সমস্ত রকমের খরচ সমিতি বা মালিক কর্তৃক নির্দিষ্ট সাধারণ উদ্দেশ্যে ব্যয়।